সংবাদ

তারিখ 16 SEP 2017 পৃষ্ঠা ৫ কলাম ১

# এমপিওভুক্তির দাবিতে শিক্ষামন্ত্রীর গাড়ি আটকে বিক্ষোভ

**যশোর অফিস**

দীর্ঘদিনেও এমপিওভুক্ত না হওয়া শিক্ষকরা শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের গাড়ির সামনে শুয়ে পড়ে পথ আটকে বিক্ষোভ করেছেন। বৃহস্পতিবার দুপুরের দিকে যশোর শহরের মুজিব সড়কে প্রেসক্লাবের সামনে মন্ত্রীর গাড়ি আটকে বিক্ষোভ করেন শিক্ষকরা।

এ সময় মন্ত্রী গাড়ি থেকে নেমে শিক্ষকদের কষ্টের কথা শোনেন। মন্ত্রী শিক্ষকদের এ কষ্টের বিষয়ে অবহিত আছেন এবং এমপিওভুক্তির বিষয়ে তিনি অর্থমন্ত্রীসহ সংশ্লিষ্টদের সাথে প্রতিনিয়ত যোগাযোগ করছেন বলেও উল্লেখ করেন। তিনি (মন্ত্রী) এমপিওভুক্তির চেষ্টা অব্যাহত রাখবেন এবং শিক্ষকদের দাবি যাতে দ্রুত পূরণ হয় সে বিষয়ে কাজ করছেন জানালে শিক্ষকরা শান্ত হন। যশোরে ৪৬তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন শেষে শিক্ষামন্ত্রী মুজিব সড়কের সার্কিট হাউজের যাওয়ার পথে এই বিক্ষোভের মুখে পড়েন। এই সড়কে নন-এমপিও শিক্ষকরা আগে থেকেই পূর্বঘোষিত মানববন্ধন করছিলেন। যখন শিক্ষামন্ত্রীর গাড়ি তাদের মানববন্ধন কর্মসূচিস্থলে এসে পৌঁছায় তখন শিক্ষকরা বিক্ষোভ দেখান ও মন্ত্রীর গাড়ির সামনে শুয়ে পড়েন। এক পর্যায়ে মন্ত্রী গাড়ি থেকে নামতে বাধ্য হয়।

স্বীকৃতিপ্রাপ্ত নন-এমপিও সব শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির দাবিতে শিক্ষামন্ত্রী বরাবর স্মারকলিপি দেওয়া হয়েছে। শিক্ষক-কর্মচারীদের পক্ষে শরীফুজ্জামান আগা খানসহ অন্যরা এই স্মারকলিপি প্রদান করেন।